# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৫২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে কোন একটি মসজিদে ইলম শিক্ষা করা বা কোন কিছুর অধ্যয়ন করতে চাইলে এক সাথে সমবেত না হয়ে ভিন্ন ভিন্ন দলে বিভক্ত হওয়ার ব্যাপারে হুশিয়ারী

ذِكْرُ الزَّجْرِ عَنْ تَرْكِ اجْتِمَاعِ النَّاسِ فِي المسجد الْوَاحِدِ إِذَا أَرَادُوا تَعَلُّمَ الْعِلْمِ أَوْ دَرْسَهُ

---

আরবী

1652 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنَا الْمُؤَمَّلُ بْنُ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا الثَّوْرِيُّ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ عَنْ أَبِي سَلَمَةَ: عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: خَرَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى أَصْحَابِهِ وَهُمْ فِي الْمَسْجِدِ جُلُوسٌ حِلَقاً فَقَالَ: (مَا لِي أَرَاكُمْ عِزِينَ؟ )

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1652 | خلاصة حكم المحدث: صحيح ـ ((المشكاة)) (4724)، ((صحيح أبي داود)) (918)

বাংলা

১৬৫২. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার হুজরা থেকে বের হন এমন অবস্থায় যে, সে সময় তাঁর সাহাবীগণ মাসজিদে বিভিন্ন হালাকায় বিভক্ত হয়ে ছিলেন। এটা দেখে তিনি বলেন, “কী ব্যাপার! আমি তোমাদের বিভিন্ন দলে বিভক্ত দেখছি?”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৪৩০; আবূ দাউদ: ৪৮২৩; সুনান বাইহাকী: ৩/২৩৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৩৩৭; তাবারানী আল কাবীর: ১৮২৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৯১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91246

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন